

ফোন :  
অফিস : ৯৫১১২৯৩,  
৯৫৫৫১৩৩  
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়  
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

Phone :  
Office : 9511293, 9555133  
Fax : 88-02-9564763

স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০২০(১ম খন্ড)/৩০

তারিখঃ ০৫-০২-২০২০ খ্রিঃ


দপ্তরাদেশ

“যমুনা নদীর ভাঙ্গন হতে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন সিংড়াবাড়ী, পাটগ্রাম ও বাঁধখোলা এলাকা সংরক্ষণ” শীর্ষক প্রকল্পটির উপর পরিকল্পনা কমিশনে পিইসি সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের বিভিন্ন অঙ্গ পর্যালোচনাপূর্বক ডিপিপি পুনর্গঠনের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ পর্যালোচনা প্রতিবেদন তৈরির জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সম্মুখে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি প্রতিবেদন পর্যালোচনা কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

ক্রমিক নং	কর্মকর্তাদের নাম ও পদবী	কমিটিতে অবস্থান
১।	প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা।	আহ্বায়ক
২।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৬, বাপাউবো, ঢাকা।	সদস্য
৩।	জনাব লিটন কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৪।	জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান(পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৫।	নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ।	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধিঃ

- সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;
  - প্রকল্পটির আওতায় নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন এবং বাঁধ পুনরাকৃতিকরণ কাজ পর্যালোচনাসহ সংশ্লিষ্ট নদীর প্রকৃতি, প্রভাব ও গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শন করে প্রকল্পভূক্ত ড্রেজিং কার্যক্রম পর্যালোচনা করবেন;
  - প্রকল্পটির কাজের পরিমাণ ও ব্যয় হ্রাস-বৃদ্ধি যাচাইপূর্বক যৌক্তিকভাবে পুনঃনির্ধারণসহ প্রয়োজ্য ক্ষেত্রে Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর পরিমাণ, ব্যবহার ও ব্যবস্থাপনা ব্যয় নিরূপণ করবেন;
  - বাপাউবোর চলতি রেট সিডিউল, সংশ্লিষ্ট এলাকার জন্য প্রয়োজ্য নকশা ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে হালনাগাদ বিস্তারিত তথ্য-উপাত্তের ভিত্তিতে প্রণীত ও অনুমোদিত নকশার ভিত্তিতে বিভিন্ন অংশসমূহের পরিমাণের হ্রাস-বৃদ্ধির যথার্থতা নিরূপণপূর্বক প্রাক্কলন প্রস্তুত/যাচাই করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;
  - প্রকল্পটি বা এর কোন অঙ্গ অন্যান্য শীঘ্র বাস্তবায়িত, চলমান বা বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত হলে যথাযথ প্রমাণসহ করণীয় বিষয়ে সুপারিশ পেশ করবেন।
  - প্রকল্প বাস্তবায়নে পরিবর্তিত পরিস্থিতিতে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করবেন;
  - বর্ণিত স্থানসমূহ রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন।
- কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ পর্যালোচনা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে ৩ (তিন) প্রহ্নে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।
  - মূল প্রতিবেদনের Soft Copy(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের [adgpl.bwdb@gmail.com](mailto:adgpl.bwdb@gmail.com) ঠিকানায় E-mail যোগে প্রেরণ করবেন।
  - মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

  
(মোঃ সাইমুদীন ইসলাম খান)  
উপ-সচিব (পরিকল্পনা)  
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
ঢাকা।

বিতরণ (জ্ঞাতার্থে ও কাষার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

- প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৬, বাপাউবো, ঢাকা।
- জনাব লিটন কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
- জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান(পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
- নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

- প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
- প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া পওর সার্কেল, বাপাউবো, বগুড়া।
- সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। বাপাউবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।